বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

বিশেষ অডিট রিপোর্ট

বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ঢাকা
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অর্থ বৎসরঃ- ২০০৫ - ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

বিশেষ অডিট রিপোর্ট

প্রথম খন্ড

বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ঢাকা

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অর্থ বৎসরঃ- ২০০৫ - ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

সূচীপত্র

ক্রঃ নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
১.	কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন	ক
২.	মহাপরিচালকের বক্তব্য	খ
৩.	প্রথম অধ্যায়	১-৫
৪.	অডিট অনুচ্ছেদের সার- সংক্ষেপ	৩
৫.	অডিট বিষয়ক তথ্য	৪
৬.	ম্যানেজমেন্ট ইস্যু	৫
৭.	অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ	৫
৮.	অডিটের সুপারিশ	৫
৯.	দ্বিতীয় অধ্যায় ঃ	৭-১৮
	অনুচ্ছেদ নম্বর ১॥ কাঁচামালের মূল্য বৃদ্ধি পেলেও নতুন মূল্য ঘোষণা না দিয়েই পূর্বের ঘোষিত মূল্যে পণ্য খালাস করায় রেয়াত বাবদ রাজস্ব ক্ষতি।	১১
	অনুচ্ছেদ নম্বর ২॥ প্রক্রিয়াজাত তামাকের উপর ভ্যাট প্রদান না করায় রাজস্ব ক্ষতি।	১২
	অনুচ্ছেদ নম্বর ৩॥ উৎপাদন পর্যায়ে বিধি মোতাবেক প্রকৃত মূল্যভিত্তি ঘোষণা এবং উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ না করায় সম্পূরক শুল্ক ও মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	১৩
	অনুচ্ছেদ নম্বর ৪॥ অগ্নিকান্ডে পুড়ে যাওয়া/ ক্ষতিগ্রস্থ গুড়া দুধের উপকরণের বিপরীতে গৃহীত রেয়াত বাতিল না করায় রাজস্ব ক্ষতি।	১৪
	অনুচ্ছেদ নম্বর ৫॥ পণ্য উৎপাদনের সহিত সরাসরি সম্পৃক্ত নহে এরূপ উপকরণের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি।	১৫
	অনুচ্ছেদ নম্বর ৬॥ বিধি মোতাবেক আমদানীকৃত কাঁচামালের প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ না করে কম মূল্যে পণ্য খালাস করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	১৬
	অনুচ্ছেদ নম্বর ৭॥ সোশ্যাল মার্কেটিং কোম্পানী কর্তৃক প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	১৭
	অনুচ্ছেদ নম্বর ৮॥ অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য সরবরাহ করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	১৮
০৯.	মহাপরিচালকের স্বাক্ষর	১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) ও ১২৮(২) এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা ৫(২) অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ....**উৎৎড়ৎ! ইড়ড়শসধৎশ হড়ঃ**

ফবভরহবফ. বঙ্গাব্দ / খ্রিষ্টাব্দ

আহমেদ আতাউল হাকিম
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
অব বাংলাদেশ

খ

মহাপরিচালকের মন্তব্য

মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অধীন বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ঢাকা কার্যালয়ের ২০০৫-২০০৬ অর্থ বৎসরের মূসক আদায় প্রক্রিয়ার উপর বিশেষ অডিট ১৪/৫/০৭ হতে ২২/১০/০৭ তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়। মূল প্রতিবেদনটি ২৫/১০/২০০৭ তারিখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর জারী করা হয়। পরবর্তীতে ২২/১১/২০০৭ তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব বরাবর আধা সরকারী পত্র জারী করা হয়। উক্ত বিশেষ অডিটের খসড়া রিপোর্টে অন্তর্ভুক্ত অনুচ্ছেদের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৬/১/২০০৯ খ্রিঃ তারিখের ব্রডশীট জবাব বিবেচনায় এনে মোট ০৮ টি অনুচ্ছেদের বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ১৬০,২৯,০০,৩৪৭/- টাকা সম্বলিত এই অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ সংস্থাসমুহের সে সকল আর্থিক অনিয়ম এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা নিরীক্ষা আওতাধীন সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং প্রতিষ্ঠান সমূহের আর্থিক শৃংখলার পূর্ণাংগ চিত্র নয়। এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলি কর্তৃক ক্ষেত্র বিশেষে সরকার কর্তৃক জারীকৃত এস আর ও সমূহ, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশসমূহ যথাযথভাবে পরিপালন না করা, আর্থিক শৃংখলার অভাব এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। এ বিষয়ে সংশিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হ'ল।

নিরীক্ষা চলাকালীন উত্থাপিত আপত্তির বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালকের সাথে সংশ্লিষ্ট কমিশনার এর একাধিকবার আলাপ আলোচনা হয়, যা নিরীক্ষা কার্যক্রমকে সহজতর করে। নিরীক্ষার শেষ দিন কমিশনার এর সভাপতিত্বে অনুষ্ঠিত রিপোর্ট Seen & Discussion সভায় উত্থাপিত আপত্তিসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিশনার উত্থাপিত আপত্তির সাথে নীতিগতভাবে একমত পোষণ করেন। নিরীক্ষাকালে অডিটি প্রতিষ্ঠান কর্তৃক সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ।

অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থের আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম ত্বরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

তারিখঃ ....**উৎৎড়ৎ!**

ইড়ড়শসধৎশ হড়ঃ ফবভরহবফ. বঙ্গাব্দ / খ্রিষ্টাব্দ

মোঃ আব্দুল বাছেত খান
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ)

অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

অনুঃ নং	আপত্তির শিরোনাম	টাকার পরিমাণ
১	২	৩
১.	কাঁচামালের মূল্য বৃদ্ধি পেলেও নতুন মূল্য ঘোষণা না দিয়েই পূর্বের ঘোষিত মূল্যে পণ্য খালাস করায় রেয়াত বাবদ রাজস্ব ক্ষতি।	১২,৭১,২০,৪২০/-
২.	প্রক্রিয়াজাত তামাকের উপর ভ্যাট প্রদান না করায় রাজস্ব ক্ষতি।	১০২,৪৯,৯৩,১৫৬/-
৩.	উৎপাদন পর্যায়ে বিধি মোতাবেক প্রকৃত মূল্যভিত্তি ঘোষণা এবং উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ না করায় সম্পূরক শুল্ক ও মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	৪৪,৫৯,২৯,৯০২/-
৪.	অগ্নিকান্ডে পুড়ে যাওয়া/ ক্ষতিগ্রস্থ গুড়া দুধের উপকরণের বিপরীতে গৃহীত রেয়াত বাতিল না করায় রাজস্ব ক্ষতি।	৩১,৬১,৩৫৪/-
৫.	পণ্য উৎপাদনের সহিত সরাসরি সম্পৃক্ত নহে এরূপ উপকরণের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি।	৭,৬৫,৭২০/-
৬.	বিধি মোতাবেক আমদানীকৃত কাঁচামালের প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ না করে কম মূল্যে পণ্য খালাস করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	৩,৬২,৭৭৩/-
৭.	সোশ্যাল মার্কেটিং কোম্পানী কর্তৃক প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	২,৮৫,৩৮০/-
৮.	অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য সরবরাহ করায় মূসক বাবদ রাজস্ব ক্ষতি।	২,৮১,৬৪২/-
	সর্বমোট=	১৬০,২৯,০০,৩৪৭/-

অডিট বিষয়ক তথ্য

নিরীক্ষার অর্থ বৎসর	:	২০০৫- ২০০৬
নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম	:	বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ঢাকা।
নিরীক্ষার প্রকৃতি	:	বিশেষ অডিট।
নিরীক্ষার সময়	:	১৪/০৫/০৭ হতে ২২/১০/০৭ খ্রিঃ
নিরীক্ষার পদ্ধতি	:	▪ রাজস্ব আদায় সংক্রান্ত রেকর্ডপত্র দৈবচয়ন পদ্ধতিতে নমুনায়নের মাধ্যমে সরেজামিনে যাচাই। ▪ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের সাথে আলোচনা।
অডিট রিপোর্ট প্রণয়নে ও সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন	:	
অডিট সম্পাদন	:	১. জনাব শীরিন সুলতানা পরিচালক, দলপ্রধান। ২. জনাব মোঃ মাহফুজার রহমান আকন্দ, অডিট এন্ড একাউন্টস অফিসার , সদস্য। ৩. জনাব মাহবুবুল ইসলাম, অডিট এন্ড একাউন্টস অফিসার, সদস্য।
রিপোর্ট প্রণয়ন	:	১. জনাব তানভির আকতার হোসেন খান, উপ-পরিচালক। ২. জনাব মোঃ মাহফুজার রাহমান আকন্দ, অডিট এন্ড একাউন্টস অফিসার।
অডিট রিপোর্ট তত্ত্বাবধান	:	জনাব মোঃ কামাল আনোয়ার, পরিচালক।
অডিট রিপোর্ট সার্বিক তত্ত্বাবধানে	:	জনাব মোঃ আবদুল বাছেত খান, মহাপরিচালক।

ম্যানেজমেন্ট ইস্যুঃ

- ❖ রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের বিধি বহির্ভূত রেয়াত গ্রহণ।
- ❖ রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ না করা।

অনিয়ম ও ক্ষতিসমূহের কারণঃ

- ❖ মূসক আইন ও বিধিমালা'১৯৯১ এর ধারা/বিধিসমূহ এবং জাঃরাঃ বোর্ডের অন্যান্য আদেশ/নির্দেশ যথাযথভাবে পরিপালন না করা;
- ❖ স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে সরকারের প্রাপ্য মূসক/মূসক সংশ্লিষ্ট করাদি আদায় না করা;
- ❖ মূসক/মূসক সংশ্লিষ্ট অন্যান্য রাজস্ব সঠিকভাবে আদায় না করা;
- ❖ বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান।

অডিটের সুপারিশঃ

- ❖ মূসক আইন ও বিধিমালা'১৯৯১ এর ধারা/বিধিসমূহ এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অন্যান্য আদেশ/নির্দেশ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা প্রয়োজন।
- ❖ স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে সরকারের প্রাপ্য মূল্য সংযোজন কর (মূসক) / মূসক সংশ্লিষ্ট করাদি নিরূপণ করা/আদায় করা আবশ্যক।
- ❖ অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক রাজস্ব আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- ❖ সরকারি প্রাপ্তি কোষাগারে জমা করা আবশ্যক।
- ❖ উর্দ্ধতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- ❖ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

দ্বিতীয় অধ্যায়

(অডিট অনুচ্ছেদসমূহ)

সংক্ষিপ্ত শব্দ সমূহের পূর্ণাঙ্গরূপের তালিকা

- **LTU – Large Tax payer Unit.**
- **IDSC- Infrastructure Development Surcharge.**
- **PSIC- Preshipment Inspection Certificate.**

অনুচ্ছেদঃ- ১॥

শিরোনামঃ **কাঁচামালের মূল্য বৃদ্ধি পেলেও নতুন মূল্য ঘোষণা না দিয়েই পূর্বের ঘোষিত মূল্যে পণ্য খালাস করায় রেয়াত বাবদ ১২,৭১,২০,৪২০/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিশিষ্ট- ৪এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহের উপকরণ ক্রয়, ব্যবহার ও উৎপাদন হিসাব সম্পর্কিত সরবরাহকৃত তথ্য বিবরণী, অনুমোদিত মূল্য ঘোষণাপত্র (মূসক-১), মাসিক দাখিলপত্র ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,

- প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত এবং বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্য ঘোষণাপত্র (মূসক-১) এ ক্রয়/আমদানীকৃত কাঁচামাল-এর যে মূল্য প্রদর্শন করে উৎপাদিত পণ্যের মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ করা হয়েছে পরবর্তী সময়ে ক্রয়/আমদানীকৃত উক্ত কাঁচামাল-এর মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী প্রদান অথবা নতুন মূল্য ঘোষণা প্রদান করা হয়নি। ফলে ক্রয়/আমদানীকৃত উল্লেখিত উপকরণের মূল্য বৃদ্ধি জনিত কারণে ''পণ্যের করযোগ্য মূল্যভিত্তি'' নির্ধারণে বর্দ্ধিত মূল্য অন্তর্ভুক্ত হয়নি। অর্থাৎ নতুন মূল্যঘোষণা প্রদান বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী প্রদান না করেই কম মূল্যে পণ্য খালাস করা হয়েছে এবং বর্দ্ধিত মূল্যে ক্রয়/আমদানীকৃত উপকরণের বিপরীতে প্রদত্ত মূসক রেয়াত গ্রহণ করা হয়েছে। ফলে রেয়াত বাবদ সরকারের ১২,৭১,২০,৪২০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- ১ এ দ্রষ্টব্য)।

- মূসক আইন, ১৯৯১এর ধারা-৫(২) অনুযায়ী ঘোষিত/অনুমোদিত মূল্যভিত্তির স্ট্যান্ডার্ড পরিবর্তনের জন্য বিধি-৩(২) অনুযায়ী নতুন মূল্য ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী প্রদান করা বাঞ্ছনীয় এবং ধারা-৫(২) অনুযায়ী ঘোষিত/অনুমোদিত মূল্যভিত্তির স্ট্যান্ডার্ড বহির্ভূত উপকরণের বর্দ্ধিত মূল্যের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত গ্রহণের কোন সুযোগ নেই।
- কাঁচামাল-এর মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী প্রদান অথবা নতুন মূল্য ঘোষণা প্রদান অর্থাৎ ধারা-৯(ছছ)(অ) মর্মার্থ মোতাবেক ''পণ্যের করযোগ্য মূল্যভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত নয় এমন উপকরণের বর্দ্ধিত মূল্যের উপর পরিশোধিত মূসক'' প্রদেয় উৎপাদ করের বিপরীতে গ্রহণকৃত উপকরণ কর রেয়াত আদায়যোগ্য।
- আলোচ্য ক্ষেত্রে মূসক আইন/বিধিমালা'১৯৯১ এর ধারা-৯(ছছ)(অ), ধারা-৫(২) এবং বিধি-৩(২) এর পরিপন্থীভাবে রেয়াত গ্রহণ করায় রেয়াত বাবদ সরকারের ১২,৭১,২০,৪২০/২৭ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- ৪(১) হতে ৪ (১০) - এ দেয়া হলো]।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে। আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে,

(ক) অডিট আপত্তি অনুযায়ী দাবীকৃত অর্থ আদায়ের লক্ষ্যে দাবী নামা জারী করা হয়। উক্ত দাবীনামার বিরুদ্ধে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ রীট দায়ের করেন।
(খ) আপত্তিকৃত অর্থ সমন্বয় করার জন্য দাবীনামা সম্বলিত কারণ দর্শনো নোটিশ জারী করা হয়েছে। দাবীকৃত অর্থ আদায়ের পর নিস্পত্তিমূলক ব্রডশীট জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। আপত্তির সাথে একমত পোষণ করে আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করায় আপত্তিটি প্রতিষ্ঠিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ ঃ (ক) করদাতা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়ের করা রীট মামলার সঠিক রায় প্রাপ্তির জন্য মাননীয় আদালতে মূসক আইন ও বিধিমালার আলাকে প্রয়োজনীয় আইনি দলিলাদি সরবরাহ করে মামলাটি দ্রুত নিস্পত্তিতে সহায়তা প্রদানের মাধ্যমে আলোচ্য রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের বিষয়টি ত্বরান্বিত করা প্রয়োজন।
(খ) আপত্তিকৃত টাকা সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ২॥

শিরোনামঃ **প্রক্রিয়াজাত তামাকের উপর ভ্যাট প্রদান না করায় ১০২,৪৯,৯৩,১৫৬/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের সরবরাহকৃত হিসাব বিবরণী, মূল্য ঘোষণাপত্র (মূসক-১), মাসিক দাখিলপত্র ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত প্রতিষ্ঠানসমূহ তাঁদের প্রতিটি ব্রান্ডের উৎপাদিত সিগারেট আমদানী ও স্থানীয়ভাবে ক্রয়কৃত প্রক্রিয়াজাত (Processed) তামাক মিশ্রিতভাবে ব্যবহার করে থাকে। প্রতিষ্ঠানসমূহে সিগারেট উৎপাদনে ব্যবহৃত তামাক আমদানী ও স্থানীয়ভাবে ক্রয় করে থাকে। কিন্তু স্থানীয়ভাবে ক্রয়কৃত প্রক্রিয়াজাত তামাকের উপর ভ্যাট আরোপযোগ্য হওয়া সত্ত্বেও নিজস্ব প্রসেসিং ফ্যাক্টরী হতে বিক্রয়কালে বিক্রয় মূল্যের উপর ভ্যাট প্রদান না করায় সরকারের ১০২,৪৯,৯৩,১৫৬/২৮ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-২ দ্রষ্টব্য)।

- প্রক্রিয়াজাত তামাক— H.S.Code 2401.10.00, 2401.20.00 ও 2401.30.00 এর আওতাধীন অপ্রক্রিয়াজাত তামাক (Unmanufactured tobacco) প্রসেসিং ফ্যাক্টরী হতে প্রক্রিয়াজাত করে সিগারেট উৎপাদনস্থলে সরবরাহের উপর মূসক আইন, ১৯৯১ এর ধারা-৩(১) এর বিধান অনুযায়ী ১৫% হারে মূসক ধার্য ও আদায়যোগ্য এবং ধারা- ৫(২) এর ভিত্তিতে বিধি-৩ (১) এর বিধান অনুযায়ী মূল্যভিত্তি ঘোষণা প্রদানের মাধ্যমে পণ্য (তামাক) সরবরাহ করা এবং মূসক পরিশোধ করা বাঞ্ছনীয়।
- জাতীয় রাজস্ব বোর্ডের নথি আদেশ নং-২ (৪)-মূসক নীঃ বা/৯৫/১৮৬ তাং- ১০□০৬□৯৯ মোতাবেক তামাকপাতা প্রসেসিং এর উপরও মূসক আরোপযোগ্য হওয়ায় তামাকপাতা প্রসেসিং খাতে মূসক আদায়ের নির্দেশনা রয়েছে। সরাসরি কৃষক কর্তৃক বা অন্য কোন ভ্যাট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক বর্ণিত প্রসেসিং ফ্যাক্টরীসমূহ থেকে তামাক পাতা প্রসেসিং এর উপর ভ্যাট আদায়যোগ্য হওয়া সত্ত্বেও আদায় না করায় এ খাতে ও সরকার বিপুল পরিমাণ রাজস্ব প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– ‘ শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে। আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে ’। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, প্রসেসিং ফ্যাক্টরীতে প্রক্রিয়াজাত তামাকের উপর মূসক প্রযোজ্য হলেও উক্ত মূসক প্রদানের দায়- দায়িত্ব সংশ্লিষ্ট প্রসেসিং প্লান্টের। এ সমস্ত প্লান্টসমূহ এ কমিশনারেটের অধিভুক্ত নয়। প্লান্টসমূহ যে কমিশনারেটের আওতাভুক্ত উক্ত মূসক আদায়ের দায়-দায়িত্ব সে কমিশনারেটের।

নিরীক্ষার মন্তব্যঃ জবাব সন্তোষজনক নয়। কেননা প্রসেসিং ফ্যাক্টরীতে প্রক্রিয়াজাত তামাকের উপর মূসক প্রযোজ্যতার বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ অডিট আপত্তির সাথে একমত পোষণ করেছে। ফলে আপত্তিটি প্রতিষ্ঠিত হওয়ায় জরুরী ভিত্তিতে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

নিরীক্ষার সুপারিশঃ আপত্তিকৃত টাকা সত্তর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ০৩॥

শিরোনামঃ **উৎপাদন পর্যায়ে বিধি মোতাবেক প্রকৃত মূল্যভিত্তি ঘোষণা এবং উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ না করায় সম্পূরক শুল্ক ও মূসক বাবদ ৪৪,৫৯,২৯,৯০২/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় Uniliver BD. Ltd. (ভ্যাট রেজিঃ নং- ২১০১০০০০৮৬) -এর সরবরাহকৃত হিসাব বিবরণী, মূল্যভিত্তি ঘোষণাপত্র (মূসক-১) ও সংশিষ্ট রেকর্ড পত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে-

উক্ত প্রতিষ্ঠানটি চট্টগ্রামের ফ্যাক্টরিতে বিভিন্ন প্রসাধনী উৎপাদন করে তাদের নিজস্ব কেন্দ্রীয় গোডাউন (ভ্যাট রেজিঃ নংঃ ৫১২১০০৫৩১৭) টঙ্গী, গাজীপুরে বিক্রয় দেখিয়ে উৎপাদক হিসেবে ভ্যাট প্রদান করছে। আবার কেন্দ্রিয় গোডাউন হতে পৃথক মূসক নিবন্ধনের বিপরীতে প্রসাধনীসমূহ ডিস্ট্রিবিউটদের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ব্যবসায়ী হিসেবে পুনরায় মূল্য ঘোষণা প্রদান করে ১৫% মূসক প্রদান পূর্বক রেয়াত গ্রহণ করছে। প্রতিষ্ঠানটি একটি রেজিষ্টার্ড কোম্পানী হওয়ায় তাদের একটি আইনগত সত্ত্বা (Legal Entity), TIN একটি এবং বার্ষিক অডিট রিপোর্টও (Certified accounts) একটি। তদানুযায়ী উৎপাদনস্থলেই পণ্যের সর্বোচ্চ খুচরা মূল্য (M.R.P) নির্ধারণ করে মোড়কের গায়ে বা প্যাকেটে মুদ্রিত আকারে অভিন্ন মূল্যে পণ্য ভোক্তাগণের নিকট বিক্রয়/সরবরাহ করে থাকে। একারণে উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ করা বাঞ্ছনীয়। উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয় এরূপ আদেশের সুবিধা অনিয়মিতভাবে ভোগের উদ্দেশ্যেই উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ না করে বিভিন্ন পর্যায়ে ব্যবসায়ী হিসেবে মূল্যভিত্তি ঘোষণা প্রদানের মাধ্যমে সরকারের প্রকৃত প্রাপ্য সম্পূরক শুল্ক অপেক্ষা সম্পূরক শুল্ক কম পরিশোধ করা হয়েছে। ফলে সম্পূরক শুল্ক ও মূসক বাবদ ৪৪,৫৯,২৯,৯০২/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-২ দ্রষ্টব্য)। ।

আলোচ্য ক্ষেত্রে যে সকল বিধি-বিধানের ব্যত্যয় ঘটেছে, তা নিম্নরূপ:

- মূসক আইন' ১৯৯১ এর ধারা-৫(২খ) এর বিধান অনুযায়ী পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত আকারে অভিন্ন মূল্যে পণ্য সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে সমুদয় কর পরিশোধের বিধান রয়েছে। কিন্তু প্রতিষ্ঠানটির উৎপাদন পর্যায়ে পণ্যের মোড়কের গায়ে M.R.P মুদ্রিত থাকা সত্ত্বেও উৎপাদন পর্যায়েই সমূদয় কর পরিশোধ না করে উক্ত আইনের পরিপন্থীভাবে সর্বোচ্চ খুচরা/নিয়ন্ত্রিত মূল্য (Listed Price)-কে বিভিন্ন পর্যায়ে বিভাজন করে (নিজস্ব কেন্দ্রীয় গোডাউনসহ) ব্যবসায়ী হিসেবে মূল্য ঘোষণা প্রদানের মাধ্যমে পণ্য সরবরাহ করা হয়েছে।
- প্রতিষ্ঠানটির Legal Entity ও TIN একটি হওয়ায় নিজস্ব ফ্যাক্টরিতে উৎপাদিত পণ্যসমূহের কেন্দ্রীয় গোডাউনে ব্যবসায়ী পর্যায়ের অনিয়মিতভাবে মূল্য ঘোষণায় প্রদর্শিত Profit, উৎপাদন পর্যায়ের Profit এর সাথে এবং ব্যবসায়ী পর্যায়ের বহিঃ পরিবহন/সেলস্ প্রমোশন ইত্যাদি, উৎপাদন পর্যায়েই মূল্য ঘোষণায় প্রদর্শন করা বাঞ্ছনীয়।
- উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয় এরূপ আদেশ যথা-(১) জাতীয় রাজস্ব বোর্ড এর এস, আর ও নং- ১২২- আইন/ ২০০২/ ৩৪৭, তাং- ০৬□০৬□২০০২ খ্রিঃ এবং (২) বিশেষ আদেশ নং-২৫/মূসক/২০০৪,তারিখ:০৪-১২-২০০৪ ইং এর সুবিধা অনিয়মিতভাবে ভোগের উদ্দেশ্যেই উৎপাদন পর্যায়েই সমুদয় কর পরিশোধ না করে বিভিন্ন পর্যায়ে ব্যবসায়ী হিসেবে মূল্যভিত্তি ঘোষণা প্রদানের মাধ্যমে সরকারের প্রকৃত প্রাপ্য সম্পূরক শুল্ক অপেক্ষা কম সম্পূরক শুল্ক পরিশোধ করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– ' শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে '। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, নিরীক্ষায় দাবীকৃত রাজস্ব আদায়ের জন্য বিভাগীয় কর্মকর্তা কর্তৃক দাবীনামা সম্বলিত কারণ দর্শানোর নোটিশ জারী করায় করদাতা প্রতিষ্ঠান উক্ত দাবীনামার বিরুদ্ধে মাননীয় আদালতে রীট দায়ের করেছেন।

নিরীক্ষার মন্তব্যঃ জবাব সন্তোষজনক নয়। আপত্তির সাথে একমত পোষণ করে আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করায় আপত্তিটি প্রতিষ্ঠিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশঃ করদাতা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়ের করা রীট মামলার সঠিক রায় প্রাপ্তির জন্য মাননীয় আদালতে মূসক আইন ও বিধিমালার আলাকে প্রয়োজনীয় আইনি দলিলাদি সরবরাহ করে মামলাটি দ্রুত নিষ্পত্তিতে সহায়তা প্রদানের মাধ্যমে আলোচ্য রাজস্ব ক্ষতির অর্থ আদায়ের বিষয়টি তরান্বিত করা প্রয়োজন।

অনুচ্ছেদঃ- ৪॥

শিরোনামঃ **অগ্নিকান্ডে পুড়ে যাওয়া / ক্ষতিগ্রস্থ গুড়া দুধের উপকরণের বিপরীতে গৃহীত রেয়াত বাতিল না করায় ৩১,৬১,৩৫৪/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় শাহ ডেইরী ফুডস্ লিঃ (ভ্যাট নিবন্ধন নং: ২০২১০২০৭৮৭) এর রেকর্ডপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,

- প্রতিষ্ঠানটিতে বিগত ২৫-১২-০৪ তারিখে বৈদ্যুতিক সর্ট সার্কিট থেকে অগ্নিকান্ড ঘটে। অগ্নিকান্ডে উক্ত প্রতিষ্ঠানে উৎপাদিত প্যাকেট গুড়া দুধ, ক্রয়/আমদানীকৃত কাঁচামাল (বাল্ক গুড়া দুধ) সহ বিভিন্ন মোড়কসামগ্রী আগুনে পুড়ে যায়।
- একারণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ১২-০৪-০৫ তারিখের এসডিএফএল/২০০৪-০৫/১৪ নং পত্র মারফত উক্ত কাঁচামাল (বাল্ক গুড়া দুধ) সহ বিভিন্ন মোড়ক ও উৎপাদিত প্যাকেট গুড়া দুধ পুড়ে যাওয়ার বিষয়টির অনুমোদন চেয়ে পত্র লেখা হয়।
- প্রতিষ্ঠানটি অক্টোবর/০৫ মাস পর্যন্ত বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূসক), ঢাকা কার্যালয়ের অধিক্ষেত্রাধীন ভ্যাট পরিশোধ করলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ১২-০৪-০৫ তারিখের বর্ণিত পত্রের উপর কোন ব্যবস্থা গ্রহণ না করায় পুড়ে যাওয়ার বিষয়ে তাদের দাখিলকৃত আবেদন অনুমোদিত বলে গণ্য।
- কিন্তু আগুনে পুড়ে যাওয়া উক্ত কাঁচামাল (বাল্ক গুড়া দুধ) সহ বিভিন্ন মোড়ক ও প্যাকেট গুড়া দুধে ব্যবহৃত বাল্ক গুড়া দুধ-এর বিপরীতে পরিশোধিত উপকরণ কর (গৃহীত রেয়াত) মূসক বিধিমালা'১৯৯১-এর বিধি-৪০ ও ৪১ এর বিধান অনুযায়ী রেয়াত আদায়যোগ্য হওয়া সত্ত্বেও আদায়/বাতিল না করায় সরকারের ৩১,৬১,৩৫৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- ৩ এ দ্রষ্টব্য) ।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, প্রতিষ্ঠানটি জুলাই' ০৭ হতে এলটিইউ হতে চট্টগ্রাম কমিশনারেট-এ স্থানান্তরিত হয়েছে। একারণে আপত্তিটি চট্টগ্রাম কমিশনারেটে পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। কারণ চট্টগ্রাম কমিশনারেটও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সত্বর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ৫॥

শিরোনামঃ **পণ্য উৎপাদনের সহিত সরাসরি সম্পৃক্ত নহে এরূপ উপকরণের বিপরীতে পরিশোধিত মূসক রেয়াত গ্রহণ করায় ৭,৬৫,৭২০/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় ঢাকা ট্যোব্যাকো ইন্ডাঃ (মূসক নিবন্ধন সংখ্যাঃ ৫১৩১০০০২৪০) এর সরবরাহকৃত তথ্য বিবরণী, মাসিক দাখিলপত্র এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,

- প্রতিষ্ঠানটি সিগারেট উৎপাদনের সাথে সম্পৃক্ত।
- প্রতিষ্ঠানটি A/C Machine, Refrigerating or Freezing Equipment ক্রয় মূল্যের উপর পরিশোধিত মূসক আইন'১৯৯১ এর ধারা-৯(১)(ঙ) এর পরিপন্থীভাবে প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করায় রেয়াত বাবদ সরকারের ৭,৬৫,৭১৯/৫৭ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।
- মূসক আইন'১৯৯১ এর ধারা-৯(১)(ঙ) এর বিধান অনুযায়ী পণ্য উৎপাদন বা সেবা প্রদানের সাথে সরাসরি সম্পৃক্ত হলেও অবকাঠামো বা স্থাপনা নির্মাণের সাথে সংশ্লিষ্ট উপকরণ (পণ্য ও সেবা) এর উপর পরিশোধিত মূসক রেয়াত গ্রহণের বিধান নেই। অথচ মোবাইল ফোনের টাওয়ার নির্মাণের বিপরীতে ক্রীত উপকরণের উপর পরিশোধিত মূসক রেয়াত গ্রহণ করছে।
- অর্থাৎ মূসক আইন/বিধিমালা'১৯৯১ এর ধারা-৯(১)(ঙ) এর পরিপন্থীভাবে প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করায় রেয়াত বাবদ সরকারের ৭,৬৫,৭১৯/৫৭ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- ৪ এ সদয় দ্রষ্টব্য)।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে, আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, আপত্তিকৃত অর্থ পরিশোধ করার জন্য প্রতিষ্ঠানে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে । দাবীকৃত অর্থ আদায়ের পর নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। আপত্তির সাথে একমত পোষণ করে আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় আপত্তিটি প্রতিষ্ঠিত হয়েছে। অডিটের দীর্ঘ দিন পরেও রাজস্ব ক্ষতির টাকা আদায় না হওয়ার বিষয়টি গ্রহণযোগ্য নয়।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সত্বর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ৬॥

শিরোনামঃ **বিধি মোতাবেক আমদানীকৃত কাঁচামালের প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ না করে কম মূল্যে পণ্য খালাস করায় মূসক বাবদ ৩,৬২,৭৭৩/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় এম টি সি সিমেন্ট ইন্ডাঃ লিঃ (ভ্যাট রেজিঃ নং- ৯২৩১০০৪৫৬১)-এর অনুমোদিত মূল্য ঘোষণাপত্র (মূসক-১), মাসিক দাখিলপত্র ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,

- আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত কাঁচামাল ভিন্ন প্রতিষ্ঠান হতে ধার গ্রহণ করে IDSC, PSIC ইত্যাদি সংযোজন না করে মূল্য ঘোষণার ক্ষেত্রে শুধুমাত্র মূসক আরোপযোগ্য মূল্য প্রদর্শন করে মূল্যভিত্তি ঘোষণাপত্র অনুমোদন করা হয়।
- ফলে মূসক আইন'১৯৯১ এর ধারা-৫(২) এর পরিপন্থী উপায়ে উৎপাদিত পণ্যের প্রকৃত মূসক আরোপযোগ্য মূল্য অপেক্ষা কম মূল্য নির্ধারণ করা হয়েছে। এর ফলে প্রকৃত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য খালাস করায় মূসক বাবদ ৩,৬২,৭৭৩/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৫ এ দ্রষ্টব্য)।

অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, প্রতিষ্ঠানটি জুলাই'০৭ হতে এলটিইউ হতে ঢাকা (দক্ষিণ) কমিশনারেট-এ স্থানান্তরিত হয়েছে বিধায় আপত্তিটি পরবর্তী কার্যক্রমের জন্য ঢাকা (দক্ষিণ) কমিশনারেটে প্রেরণ করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। কারণ ঢাকা (দক্ষিণ) কমিশনারেটও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সত্বর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ৭॥

শিরোনামঃ **সোশ্যাল মার্কেটিং কোম্পানী কর্তৃক প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূসক বাবদ ২,৮৫,৩৮০/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (LTU), (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষায় সোশ্যাল মার্কেটিং কোম্পানী, ভালুকা, ময়মনসিংহ (ভ্যাট রেজিঃ নং- ৫১৪১০২১১৪৬) -এর উপকরণ ক্রয়, ব্যবহার ও উৎপাদন হিসাব সম্পর্কিত সরবরাহকৃত তথ্য বিবরণী, অনুমোদিত মূল্য ঘোষণা ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,

- অনুমোদিত মূল্য ঘোষণায় (মূসক-১) বর্ণিত কাঁচামাল ব্যবহারের স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রতি ইউনিট পণ্য উৎপাদনের জন্য যে পরিমাণ কাঁচামাল-এর প্রয়োজন তার চেয়ে অধিক হারে কাঁচামালের ব্যবহার দেখিয়ে প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করা হয়েছে। ফলে মূসক বাবদ ২,৮৫,৩৮০/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট- ৬ এ দ্রষ্টব্য)।

অডিটি প্রতিষ্ঠানের জবাব প্রাথমিক জবাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, প্রতিষ্ঠানটি জুলাই'০৭ হতে এলটিইউ হতে ঢাকা (উত্তর) কমিশনারেট-এ স্থানান্তরিত হয়েছে। একারণে আপত্তিটি পরবর্তী কার্যক্রমের জন্য ঢাকা (উত্তর) কমিশনারেটে প্রেরণ করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। কারণ ঢাকা (উত্তর) কমিশনারেটও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সত্বর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদঃ- ৮৪

শিরোনামঃ **অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য সরবরাহ করায় মূসক বাবদ ২,৮১,৬৪২/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), সেগুন বাগিচা, ঢাকা কার্যালয়ের ২০০৫-০৬ সনের হিসাব নিরীক্ষাকালে সোশ্যাল মার্কেটিং কোম্পানী, ভালুকা, ময়মনসিংহ- (ভ্যাট রেজিঃ নং- ৫১৪১০২১১৪৬) এর ক্রয় হিসাব (মূসক-১৬), বিক্রয় হিসাব (মূসক-১৭), চলতি হিসাব (মূসক-১৮), মূল্য ঘোষণাপত্র ইত্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

পণ্যের নাম	সরবরাহ/ বিক্রয়ের একক	মোট বিক্রয়কৃত পণ্যের পরিমান	প্রতি এককের বিক্রয় মূল্য	প্রকৃত বিক্রয় মূল্য	প্রদর্শিত বিক্রয় মূল্য	কম প্রদর্শিত বিক্রয়মূল্য	১৫% ভ্যাট বাবদ ক্ষতি
ওরস্যালাইন - এন	সচেট	১১২,৬৫৬,৭০০ সচেট	২.৫৫	২৮,৭২,৭৪,৫৮৫/-	২৮৫,৩৯৬,৯৭৩/-	১৮,৭৭,৬১২/-	২,৮১,৬৪২/-

বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য সরবরাহ করায় মূসক বাবদ ২,৮১,৬৪২/- টাকা রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ প্রাথমিক জবাবে সংশিষ্ট কর্তৃপক্ষ জানান– 'শুনানী ও রেকর্ডপত্র যাচাইয়ের কার্যক্রম চলছে আপত্তিকৃত রাজস্ব আদায়যোগ্য হলে আদায়ের ব্যবস্থা গ্রহণ করা যাবে'। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে ০৬/১০/২০০৯ তারিখে প্রেরিত সর্বশেষ ব্রডশীট জবাবের মাধ্যমে জানানো হয় যে, প্রতিষ্ঠানটি জুলাই'০৭ হতে এলটিইউ হতে ঢাকা (উত্তর) কমিশনারেট-এ স্থানান্তরিত হয়েছে। একারণে আপত্তিটি পরবর্তী কার্যক্রমের জন্য ঢাকা (উত্তর) কমিশনারেটে প্রেরণ করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব সন্তোষজনক নয়। কারণ ঢাকা (উত্তর) কমিশনারেটও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত টাকা সত্বর আদায় করে সরকারী কোষাগারে জমা করা আবশ্যক।

মোঃ আবদুল বাছেত খান
মহাপরিচালক
ফোনঃ ৮৩১৬১৩০